অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/23/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো বাটাভিয়াতে 14.5 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের নির্মাণ কাজ শুরু করার কথা ঘোষণা করেন

লিবার্টি স্কোয়ার 55টি নতুন সাশ্রয়ী মূল্যের বাড়ি প্রদান করে; 28টি প্রতিবন্ধী প্রবীণদের জন্য অন-সাইট সহায়ক সেবার সাথে সংযুক্ত

কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতিকে বাড়াতে এই অঞ্চলের বিস্তৃত কৌশল - "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর সম্পূরক এই বিনিয়োগ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে জেনেসি কাউন্টির বাটাভিয়া শহরে একটি নতুন 55 অ্যাপার্টমেন্টের সাশ্রয়ী মূল্যের হাউজিং কমপ্লেক্সের নির্মাণ কাজ শুরু হয়েছে। 14.5 মিলিয়ন মার্কিন ডলারের এই উন্নয়নে 28টি অ্যাপার্টমেন্ট রয়েছে যাদের গৃহহীনতার ইতিহাস আছে এবং স্বাধীনভাবে বাস করার জন্য সহায়ক পরিষেবাগুলির প্রয়োজন আছে এমন প্রবীণদের জন্য আলাদা রেখেছেন।

"নিউ ইয়র্কবাসী এবং তাদের পরিবারের নিরাপদ, সাশ্রয়ী মূল্যের বাড়ি প্রাপ্য, এবং যারা দীর্ঘদিন ধরে গৃহহীনতার সাথে সংগ্রাম করেছে, তাদের ও ব্যতিক্রম নেই," **গভর্নর কুওমো বলেন।** "বাটাভিয়া শহরের এই রোমাঞ্চকর নতুন প্রকল্প আমাদের প্রবীণদের সাহায্য করবে যারা আমাদের জাতির জন্য অনেক কিছু দিয়েছেন। তাদের এবং অন্যান্য এলাকার বাসিন্দাদের নতুন আবাসন প্রদানে একটি কঠিন সময়ে স্বাচ্ছন্দ্য এবং আর্থিক নিরাপত্তা প্রদান করবে।"

"সকল নিউ ইয়র্কবাসীরা, বিশেষ করে আমাদের সাহসী প্রবীণরা যারা আমাদের রক্ষা করার জন্য কাজ করেছেন, তাদের মাথার উপর ছাদ এবং একটি ভালো বাড়ির শালীনতা থাকা উচিত," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "বাটাভিয়ার এই আবাসন উন্নয়ন এলাকার মানুষদের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান করবে, যার মধ্যে রয়েছে প্রবীণ নাগরিকরা যারা গৃহহীনতার সাথে সংগ্রাম করেছে এবং যাদের সহায়ক পরিষেবার প্রয়োজন। এখন আগের চেয়ে অনেক বেশি, যেহেতু আমরা COVID-19 মহামারীর সাথে লড়াই চালিয়ে যাচ্ছি, আমরা নিশ্চিত করতে চাই যে নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যকর এবং নিরাপদ জীবনযাপনের জন্য তাদের প্রয়োজনীয় সংস্থান এবং পরিষেবা রয়েছে। ফিঙ্গার লেকের এই প্রকল্পটি উন্নত এবং আরও বেশি সমৃদ্ধ এবং জীবনযাত্রার মান উন্নত করতে রাজ্য জুড়ে আমাদের প্রচেষ্টার অংশ।"

সকল নিউ ইয়র্ক বাসীর জন্য নিরাপদ, সাশ্রয়ী আবাসন ব্যবস্থা করার জন্য গভর্নর কুওমোর যে অঙ্গীকার তা রাজ্যর এই অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের পাঁচ-বছর মেয়াদী আবাসন পরিকল্পনায় প্রতিফলিত হয়। এই পরিকল্পনাটি সামর্থ্যের মধ্যে থাকে এমন 100,000 সাশ্রয়ী আবাসন ইউনিট এবং 6,000 উইনিট সহায়ক আবাসন তৈরি এবং সংরক্ষণের মাধ্যমে আবাসন সহজলভ্য করে এবং গৃহহীনতার সাথে লড়াই করে।

পূর্ব মেইন স্ট্রিটের তিনটি ধ্বংসপ্রাপ্ত ভবন ভেঙ্গে খালি করার ফলে একটি সাইটে এই উন্নয়ন বাড়বে। নতুন চারতলার লিবার্টি স্কোয়ারে 55টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট থাকবে যারা এরিয়া মিডিয়াম আয়ের 60 শতাংশ বা তারও কম আয় করে, সেই পরিবারগুলির জন্য। ছয়টি এপার্টমেন্ট সম্পূর্ণভাবে অভিযোজিত হবে যাদের চলাফেরার অক্ষমতা আছে এবং তিনটি পৃথক ইউনিট অডিও বা দৃষ্টিপ্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সজ্জিত করা হবে।

গভর্নর কুওমোর এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভের (Empire State Supportive Housing Initiative) মাধ্যমে পরিষেবা এবং ভাড়া ভর্তুকি পাওয়া গৃহহীন প্রবীণদের জন্য সহায়ক আবাসন হিসেবে আঠাশটি অ্যাপার্টমেন্ট উৎসর্গ করা হবে। ঈগল স্টার হাউজিং (Eagle Star Housing) সহায়ক পরিষেবাগুলি প্রদান করবে এবং সাইটে একটি করে অফিস এবং কাউন্সেলিং স্পেস থাকবে। এই প্রজেক্ট ডেভেলপার হচ্ছে হোম লিজিং (Home Leasing)।

সেখানে আটটি স্টুডিও, 39টি এক-বেডরুম এবং আটটি দুই-বেডরুম অ্যাপার্টমেন্ট রয়েছে। শেয়ার করা সুবিধারগুলির মধ্যে রয়েছে একটি কমিউনিটি রুম, একটি ফিটনেস সেন্টার, ব্যক্তিগত উঠোন এবং বারান্দা, নিরাপদ অভ্যন্তরীণ সাইকেল স্টোরেজ, উঁচু বাগানের বিছানা, একটি বেড়া যুক্ত খেলার মাঠ, একটি অন-সাইট ব্যবস্থাপনা অফিস, অন-সাইট পার্কিং, এবং বাল্ক স্টোরেজ অ্যাপার্টমেন্ট অন্তর্ভুক্ত রয়েছে।

এনার্জি এফিসিয়েন্সি এবং গ্রীন বিল্ডিং ডিজাইনের প্রয়োজনীয়তা কমপ্লেক্স জুড়ে অন্তর্ভুক্ত করা হবে, এনার্জি স্টার অ্যাপ্লায়েন্সস এবং সব এপার্টমেন্টে ফিক্সচার অন্তর্ভুক্ত করা সহ। এটি নিউ ইয়র্ক রাজ্যের শক্তি গবেষণা এবং উন্নয়ন কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA)-এর স্বল্প-উচ্চতার নতুন নির্মাণ প্রোগ্রাম (Low-Rise New Construction Program) এবং এন্টারপ্রাইজ সবুজ সম্প্রদায় সংস্করণ 2015 প্রোগ্রাম (Enterprise Green Communities Version 2015 program)-এর অধীনে প্রত্যয়ন অনুমোদিত করবে।

লিবার্টি স্কোয়ারের জন্য নিউ ইয়র্ক রাজ্য বাড়ি এবং সম্প্রদায় নবায়ন (New York State Homes and Community Renewal)-এর অর্থপ্রদানে ফেডারেল নিম্ন-আয় আবাসন ট্যাক্স ক্রেডিট অন্তর্ভুক্ত যা ইকুইটিতে 10.5 মিলিয়ন মার্কিন ডলার এবং সহায়ক আবাসন সুযোগ প্রোগ্রাম (Supportive Housing Opportunity Program) থেকে প্রায় 4 মিলিয়ন মার্কিন ডলার আর্জন করবে। উপরন্তু, NYSERDA তার স্বল্প-উচ্চতার নতুন নির্মাণ প্রোগ্রাম (Low-Rise New Construction Program)-এর অধীনে 53,000 মার্কিন ডলার অনুদান প্রদান করবে। রেডস্টোন

ইকুইটি পার্টনার্স (Redstone Equity Partners) নিম্ন-আয় আবাসন ট্যাক্স ক্রেডিট ইকুইটির বিনিয়োগকারী এবং ফাইভ স্টার ব্যাংক (Five Star Bank) এই প্রকল্পের জন্য নির্মাণ অর্থায়ন প্রদান করছে।

2011 সাল থেকে, বাড়ি এবং সম্প্রদায় নবায়ন (Homes and Community Renewal, HCR) ফিঙ্গার লেকস অঞ্চলে 95টি বহুপরিবারের উন্নয়নের জন্য 604 মিলিয়ন মার্কিন ডলার উৎসর্গ করেছে, যার ফলে প্রায় 7,500 সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করা হয়েছে, জেনেসি কাউন্টিতে 216টি সহ। এই অঞ্চলে HCR-এর বিনিয়োগ অন্যান্য উৎস থেকে আরো ৪90 মিলিয়ন মার্কিন ডলার অর্জন করেছে।

HCR কমিশনার রুথঅ্যান ভিসনসকাস বলেন, "COVID-19 মহামারী পূর্বে অকল্পনীয় ক্ষতি এবং বিঘ্ন সৃষ্টি করেছে, কিন্তু এটি রাজ্য জুড়ে সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি, সংরক্ষণ এবং রক্ষা করার গভর্নর কুওমোর মিশন পরিচালনা করা থেকে HCR-এর দলকে থামাতে পারেনি। লিবার্টি স্কোয়ারের সাথে এই অপরিহার্য কাজ চলতে থাকা দেখা খুবই তৃপ্তিদায়ক - বিশেষ করে যখন এই উন্নয়ন আমাদের নায়কদের জন্য 28টি বাড়ি উৎসর্গ করে, যেমনটা এটি করে, এবং পরিবারদের জন্য আরও 27টি। আমি HCR দল এবং আমাদের অংশীদারদের ধন্যবাদ এবং বাহবা জানাই এবং বাটাভিয়ার এই চমৎকার নতুন ভবনে নতুন ভাড়াটেদের স্বাগত জানানোর জন্য উদগ্রীব।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স (New York State Office of Temporary and Disability Assistance) কমিশনার মাইক হেইন বলেন, "সকল নিউ ইয়র্কবাসীদের কাছে বাড়ি বলতে যাতে একটা নিরাপদ, স্থিতিশীল জায়গা থাকে তা নিশ্চিত করা আমাদের কর্তব্য-বিশেষ করে যারা আমাদের দেশের সামরিক বাহিনীতে কাজ করেছেন। লিবার্টি স্কোয়ার জেনেসি কাউন্টিতে দুই ডজনেরও বেশি ভেটেরানদের জন্য নতুন করে শুরু করার সুযোগ প্রদান করবে, এবং তার সাথে ইস্ট মেইন স্ট্রিটের একটি সাবেক ধ্বংসাবশেষে নতুন জীবন ফিরিয়ে দেবে। এর মতো প্রকল্পগুলি গভর্নর কুওমোর ঐতিহাসিক পাঁচ-বছরের আবাসন পরিকল্পনার মাধ্যমে শুরু করা কাজ চালিয়ে যায় এবং আমাদের ভেটেরানদের মধ্যে একেবারে এবং চিরকালের জন্য গৃহহীনতার অবসান ঘটাতে নিউ ইয়র্কের দৃঢ় প্রতিশ্রুতির পুনঃনিশ্চিত করে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) এর ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "সকল নিউ ইয়র্কবাসী, বিশেষ করে আমাদের সবচেয়ে অসহায় বাসিন্দাদের কাছে আমাদের সবুজ অর্থনীতির সুবিধা পৌঁছে দেওয়া, গভর্নর কুওমোর পরিচ্ছন্ন শক্তি রূপান্তর এবং জাতির নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডার একটি হলমার্ক। অবহেলিত সম্পত্তি বা সাইটগুলিকে শক্তি দক্ষ এবং সাশ্রয়ী বাড়িতে রূপান্তর করে এবং যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীতে যারা কাজ করেছেন সেই জাতির বীরদের পরিষেবা প্রদান করে, NYSERDA তাদের সমর্থন করতে পেরে গর্বিত এবং আমরা লিবার্টি স্কোয়ার সম্পন্ন করার অপেক্ষায় থাকছি।"

সিনেটর মাইকেল র‍্যাজেনহফার বলেন, "আমাদের অঞ্চলে বিনিয়োগ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি এই প্রকল্পের নির্মাণ কাজ শুরু হতে দেখে আনন্দিত। ভেটেরানদের আবাসন তৈরি হতে দেখা অসাধারণ, যারা আমাদের কাউন্টির সেবা করেছেন তাদের সমর্থন করা অনুজ্ঞাসূচক।"

অ্যাসেম্বলি সদস্য, স্টিফেন হাওলি বলেন, "আমাদের ভেটেরানরা তাদের দেশকে রক্ষা করার জন্য তাদের সর্বস্ব দিয়ে দিয়েছেন, এবং আমাদের উচিৎ একটি সম্প্রদায় হিসেবে যাতে আমরা তাদের জন্য আমাদের কাজ চালিয়ে যাই এবং তাদের জন্য আমাদের সর্বস্ব দেই। লিবার্টি স্কোয়ার নির্মাণের সাথে, আমি গর্বিত যে বাটাভিয়া তার জনগণের যত্ন নেওয়ার নতুন উপায় খুঁজে চলেছে, এবং আমি অধীর আগ্রহে নির্মাণের ফলাফল আশা করছি। কিন্তু তার চেয়েও বড় কথা, আমি রোমাঞ্চিত যে আমাদের ভেটেরানরা তাদের প্রাপ্য সমর্থন খুঁজে পেতে থাকবেন।"

কাউন্টি ম্যানেজার ম্যাট ল্যান্ডার্স বলেন, "আমি এই ধরনের একটি প্রকল্প সফল হতে দেখে খুবই আনন্দিত, যার ফলে প্রতিবন্ধী ভেটেরানরা উপকৃত হবেন। এই দেশ আমাদের ভেটেরানদের আত্মত্যাগের জন্য অনেক ঋণী এবং এই ধরনের প্রকল্প এই প্রতিবন্ধী নায়কদের চাহিদা পূরণের জন্য অপরিহার্য।"

সিটি কাউন্সিলের (City Council) প্রেসিডেন্ট ইউজিন জানকোস্কি, জুনিয়র বলেন, "বাটাভিয়া শহর হোম লিজিং (Home Leasing)-কে স্বাগত জানিয়েছে যেহেতু সেটি আমাদের সম্প্রদায়কে খুবই প্রয়োজনীয় ভেটেরান, সিনিয়র এবং কর্মী আবাসন প্রদান করে। আপস্টেট নিউ ইয়র্ক জুড়ে সম্পত্তির নির্মাণ, রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনা করার একটি ইতিবাচক ইতিহাস রয়েছে হোম লিজিং-এর এবং এই প্রকল্প আমাদের শহরের জন্য একটি দুর্দান্ত সংযোজন হবে।"

হোম লিজিং এর প্রধান নির্বাহী কর্মকর্তা ব্রেট গারউড বলেন, "হোম লিজিং বাটাভিয়ার লিবার্টি স্কোয়ার নির্মাণ শুরু করতে পেরে অত্যন্ত গর্বিত এবং সম্প্রদায় এবং আমাদের অংশীদারদের প্রতি কৃতজ্ঞ। লিবার্টি স্কোয়ার পরিবার এবং ভেটেরানদের জন্য একটি চমৎকার বাড়ি প্রদান করবে এবং একই সাথে বাটাভিয়ার প্রাণশক্তিতে অবদান রাখবে।"

ঈগল স্টার হাউজিং (Eagle Star Housing)-এর নির্বাহী পরিচালক, জ্যাক ফুলার বলেন, "আমরা বাটাভিয়ায় হোম লিজিং-এর সাথে এই চমৎকার প্রকল্প শুরু করতে পেরে খুবই উত্তেজিত! আমরা ক্রমাগত চেষ্টা করছি সকল ভেটেরানদের জীবন উন্নত করার জন্য, যাদের আমরা সেবা করি। এই প্রকল্প আমাদের ভেটেরান সম্প্রদায়ের জন্য ২৪টি প্রয়োজনীয় সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট প্রদান করবে। ঈগল স্টার আমাদের ভেটেরানদের জন্য সর্বোচ্চ মানের যত্ন এবং বিকল্প প্রদান করার চেষ্টা করছে এবং সহায়ক বাটাভিয়া শহরে আমাদের সম্প্রদায়ের অংশীদারদের সাথে আমাদের সম্পর্ক অব্যাহত রাখার জন্য উদগ্রীব। আমরা সবাইকে ধন্যবাদ জানাই যারা আমাদের স্বপ্নকে বাস্তবে পরিণত করতে সাহায্য করেছেন।"

ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। স্টেট এ অঞ্চলে 2012 সাল থেকে এই পরিকল্পনার জন্য বুনিয়াদী কাজের পিছনে ইতোমধ্যেই 4.07 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করেছে - ফটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদন এবং আধুনিক নির্মাণ কার্যের মতো মূল শিল্প এই বিনিয়োগের অন্তর্ভুক্ত। বর্তমানে, উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে অঞ্চলটি 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগসহ ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিত করছে যা গভর্নর কুওমো ডিসেম্বর 2015-এ ঘোষণা করেন। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 8,200 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য পাওয়া যাবে এখানে।

হোম লিজিং সম্পর্কে

রচেস্টারে স্থিত হোম লিজিং উন্নত মানের অ্যাপার্টমেন্ট সম্প্রদায়ের উন্নয়ন, নির্মাণ এবং ব্যবস্থাপনায় বিশেষজ্ঞ। 2006 সালে প্রবীণ রিয়েল এস্টেট ডেভেলপার এবং হোম প্রপার্টিজের (Home Properties) প্রাক্তন সহ-প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সহ-চেয়ারম্যান নেলসন লিনহাউটসের দ্বারা প্রতিষ্ঠিত, কোম্পানিটি লিনহাউটস পরিবারের মালিকানাধীন এবং লিনহাউটস পরিবারের তিন প্রজন্মের দ্বারা পরিচালিত। হোম লিজিং আজ 170 জনকে নিয়োগ করেছে যারা নিউ ইয়র্ক, পেন্সিলভ্যানিয়া এবং মেরিল্যান্ড জুড়ে সাশ্রয়ী মূল্যের, মিশ্র-আয় এবং বাজার দরের আবাসিক সম্প্রদায়ের প্রতিদিনের পরিচালনায় সরাসরি যুক্ত। হোম লিজিং এর নির্মাণ কোম্পানি, হোম লিজিং কনস্ট্রাকশন (Home Leasing Construction), মানপূর্ণ আবাসন নির্মাণ করে যা তার প্রত্যয়িত সম্পত্তি ব্যবস্থাপক এবং রক্ষণাবেক্ষণ কর্মীরা দক্ষতার সাথে তদারকি করে। হোম লিজিং এবং হোম লিজিং কনস্ট্রাকশন প্রত্যয়িত বেনিফিট কর্পোরেশন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন